দৈনিক ইত্তেফাক

তারিখ ... 31 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... 2 ...

# বুয়েটের নিজস্ব নিরাপত্তা বাহিনী গঠনের উদ্যোগ

● রেজানুর রহমান ● সন্ত্রাসী তৎপরতা প্রতিরোধ ও ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে বুয়েট কর্তৃপক্ষ নিজস্ব নিরাপত্তা বাহিনী গড়িয়া তোলার উদ্যোগ নিয়াছে। ২২শে অক্টোবর স্বরাষ্ট্র মন্ত্রীর সহিত বুয়েট কর্তৃপক্ষের এক বৈঠকে এতদসংক্রান্ত আলোচনা হয়। ভিসি প্রফেসর ডঃ মোহাম্মদ শাজাহান বুয়েট ক্যাম্পাসে নিজস্ব নিরাপত্তা বাহিনী গড়িয়া তোলার প্রস্তাব উত্থাপন করেন। একটি সূত্র জানায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিষয়টি গুরুত্বের সহিত নিয়াছে। প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয়ের আনসার ব্যাটেলিয়ন এবং নিরাপত্তা রক্ষীদের সমন্বয়ে এই বাহিনী গড়িয়া তোলা হইবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই বাহিনীকে সহযোগিতার আশ্বাস দিয়াছে। ১৯শে অক্টোবর বুয়েট ক্যাম্পাসে বহিরাগত...র (১১শ পৃঃ দ্রঃ)

## বুয়েটের

(১ম পৃঃ পর)

সৃষ্ট সন্ত্রাসের পর ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার দাবীতে বিভিন্ন কর্মসূচী পালিত হয়। কর্মকর্তা-কর্মচারীবৃন্দ 'অব্যাহত কর্মবিরতি' কর্মসূচী প্রত্যাহার করিয়া নিলেও শিক্ষকবৃন্দ অদ্যাবধি কর্মবিরতি পালন করিতেছেন।

১৯শে অক্টোবরের ঘটনার পর বুয়েটের সামগ্রিক পরিবেশ পাল্টাইয়া গিয়াছে। নিরাপত্তা জোরদার করার জন্য এস, এম হল সংলগ্ন বুয়েটের একটি বড় গেট ইটের গাথুনি দিয়া বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

জগন্নাথ হল হইতে পলাশী মোড় পর্যন্ত বুয়েট ক্যাম্পাসের সীমানায় কাঁটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। ৩/৪ দিনের মধ্যে উচু দেওয়ালের উপর এই বেড়া নির্মাণের কাজ শুরু হইবে। মূলত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সহিত সরাসরি যাতায়াত বন্ধ করার জন্য এই সব পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে। বুয়েটের রেজিষ্টার অফিসের একটি সূত্র জানায়, ক্যাম্পাসে নিরাপত্তামূলক ব্যবস্থা জোরদার করার পরও ছাত্র-শিক্ষক-কর্মচারীরা নিরাপত্তাহীনতায় ভুগিতেছে। গত কয়েকদিনে টেলিফোন এবং বেনামী চিঠির মাধ্যমে ভিসিসহ বিভিন্ন কর্মকর্তাকে একাধিকবার হুমকি দেওয়া হইয়াছে ভিসিকে টেলিফোনে বলা হইয়াছে, 'এখনও সময় আছে ভালো হইয়া যান'। ভিসির বাসভবনের সম্মুখে এই প্রথমবারের মত পুলিশ প্রহরা বসানো হইয়াছে। ভিসির কার্যালয়ের ৪টি গেটে সতর্ক প্রহরা রহিয়াছে। ক্যাম্পাসের গেটগুলি দিনেও বন্ধ রাখা হয়। ক্যাম্পাসের ৩টি পয়েন্টে পুলিশ তাঁবু খাটাইয়া পর্যায়ক্রমে ক্যাম্পাস পাহারা দিতেছে।

এদিকে সরকারের আশ্বাস সত্ত্বেও শিক্ষকবৃন্দ কর্মবিরতি প্রত্যাহার করে নাই। শিক্ষক সমিতির বক্তব্য, আশ্বাস নয় পূর্ণ, নিরাপত্তা না পাওয়া পর্যন্ত শিক্ষকবৃন্দ দায়িত্ব পালন করিবেন না। ইউকসু'র একটি পক্ষ শিক্ষকদের এই সিদ্ধান্তের বিরোধিতা করিয়াছে। শিক্ষকরা আন্দোলনে থাকায় বুয়েটের শিক্ষা কার্যক্রম মূলত বন্ধ। নির্ধারিত সময়ের পরীক্ষাগুলি স্থগিত ঘোষিত হইয়া গিয়াছে।

10